



প্রত্নসম্পদ ও সংরক্ষণ শাখা
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

প্রত্নতত্ত্ব অধিদপ্তর কর্তৃক সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির তালিকা

জেলার নাম: সুনামগঞ্জ

সংরক্ষিত ঘোষিত পুরাকীর্তির সংখ্যা: ০২টি (ডিসেম্বর ২০২৩ পর্যন্ত)

ক্রম	প্রত্নস্থল/পুরাকীর্তি	আলোকচিত্র	অবস্থান	জিও কো- অর্ডিনেট	প্রজ্ঞাপন/গেজেট	সংক্ষিপ্ত বর্ণনা
১	২	৩	৪	৫	৬	৭
১.	হাওলি রাজবাড়ি/ আওলী রাজবাড়ী (প্রাচীন লাউর রাজ্যের রাজধানী)		তাহিরপুর বড়দল হলহলিয়া	২৫°১০'১৯.৯" উ. ৯১°১১'৫২.৩" পূ.	বাংলাদেশ গেজেট ২৮ নভেম্বর ২০১৯	বর্তমান সিলেট শহর (শ্রীহট্ট শহর) থেকে হাওলি রাজবাড়িটি প্রায় ৪৬.৫ মাইল উত্তর-পশ্চিমে সুনামগঞ্জ জেলাধীন তাহিরপুর উপজেলার হলহলিয়া নামক গ্রামে অবস্থিত। হলহলিয়া রাজবাড়িটি লাউর রাজ্যেও প্রাচীন ভৌগোলিক এলাকায় কোন এক সময়ে নির্মিত স্থাপত্যিক নিদর্শনের ধ্বংসাবশেষ বলে ধারণা করা হয়। প্রত্নতত্ত্ব অধিদপ্তরের খনন ও অনুসন্ধানের মাধ্যমে এ প্রত্নস্থলটিতে বিস্তৃতি স্থাপত্যিক নিদর্শনের ধ্বংসাবশেষের দেয়াল, সীমানা প্রাচীর ও বিভিন্ন ধরনের পোড়ামাটির প্রত্নবস্তু উন্মোচিত হয়। যা বর্তমানে প্রত্নতত্ত্ব অধিদপ্তরের সংরক্ষিত পুরাকীর্তি।
২.	পাইলগাঁও জমিদার বাড়ি		জগন্নাথপুর	২৪°৪১'৪৯.৮" উ. ৯১°৩৩'১৭.৭" পূ.	প্রজ্ঞাপন: ৪৩.০০.০০০০.১১৪. ০১৬.১.১ (অংশ)/৩৪,৩৬৫ তারিখ: ২১ জানুয়ারি ২০২১	সুনামগঞ্জ জেলায় জগন্নাথপুর উপজেলার অধীন পাইলগাঁও গ্রামে ঐতিহ্যবাহী এ জমিদার বাড়ির অবস্থান। এ জমিদার বাড়িটিতে মুঘল ও ব্রিটিশ শাসন আমলের স্থাপত্যিক কাঠামো ও এর ধ্বংসাবশেষ রয়েছে। জমিদারবাড়িটিতে বিশাল দিঘী, কাচারী ঘর, কারাগার, সুরম্য অট্টালিকা, মন্দির, ভোগ মন্দির, বিষ্ণু মন্দিরসহ শান বাঁধনো পুকুর ঘাট আজও কালের সাক্ষ্য বহন করে টিকে আছে।